## বাকেরগঞ্জ উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
সভার তারিখ ঃ ১৬ আগস্ট ২০২১
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি ২০২১ সালে নব নির্বাচিত চেয়ারম্যানসহ সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আগস্ট মাস শোকের মাস এ মাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদত বরণকারী শহীদদের আত্মার মাগফেরৎ কামনা করে শহীদদের স্মরণে দাড়িয়ে ০১ মিনিট নিরবতা পালন করে এবং আবদুল জব্বার বাবুল, সাবেক চেয়ারম্যান, দাড়িয়াল ইউনিয়ন পরিষদ ও জনাব মানিক হোসেন মোল্লা, সাবেক ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, বাকেরগঞ্জ উপজেলা শাখা এর মৃত্যুবরণ করায় তাদের রুহের মাগফেরত কামনা করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এখন আমন মৌসুম চলছে। এ উপজেলায় আমন আবাদের টার্গেট ২৭৭১৫ হেঃ। তন্মধ্যে উফশী ১১২০০ হেঃ এবং স্থানীয় ১৬৫১৫ হেঃ। ইতিমধ্যে আমন প্রণোদনায় বাকেরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়ন এবং পৌরসভায় ২০০০ জন কৃষককে ( প্রতি কৃষক ০৫ কেজি বীজ), ব্রি ধান -৪৯, ব্রিধান- ৫২, ব্রিধান- ৭৩, ব্রি ধান - ৭৬, ব্রিধান -৭৭ এবং বিনা ১৭ এর ১০,০০০ কেজি উফশী আমন বীজ বিতরণ করা হয়েছে। বর্তমানে মাঠের অবস্থা ভাল। সার এবং বীজের সরবরাহ স্বাভাবিক। কোন সংকট নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| | ০২। উপজেলা কৃষি অফিসার সভায় আরো জানান যে, উপজেলা প্রকৌশলী, বাকেরগঞ্জ এর কার্যালয়ের স্মারক নং ৪৬. ০২. ০০০৭ .০০০.১৪.০০৮.২১.-৬৮ তারিখ ঃ ১৩-০১-২০২১ খ্রিঃ মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে বর্তমান বাকেরগঞ্জ উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বের পত্যিাক্ত গোডাউনের পুরাতন ভবন ভেঙ্গে বাকেরগঞ্জ উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের সিদ্ধান্ত হয় মর্মে পত্র প্রেরণ করেছেন। তিনি জানান উক্ত গোডাউনে বহু বছর যাবত উপজেলা কৃষি অফিসের ব্যবহারের অযোগ্য /পরিত্যাক্ত বিভিন্ন মালামাল রক্ষিত আছে। তাই উক্ত গুদামে রক্ষিত অকেজো মালামালগুলি প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য কমিটি গঠন করার প্রস্তাব করেন। এ বিষয়ে মহা পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি. ঢাকা মহোদয়ের দপ্তরের স্মারক নং ১২. ০১. ০০০০. ১১৩.০৩.০০১.২১.-৯৪ তারিখঃ ০১-০৩-২০২১ খ্রিঃ এর পত্রখানা সভায় পাঠ করে শোনান। বর্ণিত পত্রে গুদামে রক্ষিত অকেজো মালামাল নিলাম বিক্রয়ের জন্য কমিটির মাধ্যমে সরকারি প্রচলিত বিধিবিধান অনুসরণ পূর্বক প্রকাশ্যে নিলাম কমিটির মাধমে নিলাম বিক্রির প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়াছে। সে মোতাবেক গুদামে রক্ষিত অকেজো মালামালগুলি নিলামে বিক্রয়ের জন্য ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত অফিসাদের সমম্বয়ে নিলাম কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০১। উপজেলা কৃষি অফিসার- সভাপতি<br>০২। উপজেলা মৎস্য অফিসার- সদস্য<br>০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার- সদস্য<br>০৪। কৃষি প্রকৌশলী, ডিএই, বরিশাল- সদস্য<br>০৫। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী- সদস্য<br>০৬। সহকারী প্রকৌশলী, বিএডিসি, বরিশাল- সদস্য<br>০৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, - সদস্য সচিব<br>উক্ত নিলাম কমিটি গুদামে রক্ষিত মালামালের ইনভেন্টরী প্রস্তুতপূর্বক অকেজো ঘোষনা করে মালামালের মূল্য নির্ধারণ করত: সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রকাশ্য নিলামে বিক্রয় করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকাশ্যে নিলামে বিক্রয়কৃত মালামালের বিক্রয়লব্দ অর্থ সরকারি কোষাগারে জমা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা প্রণি সম্পদ অফিসার-কে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২৮ আগস্ট' ২০২১ থেকে ০৩ সেপ্টেম্বর, ২০২১ জাতীয় মৎস্য সপ্তাহ পালন করার জন্য নির্দেশনা রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে পালন করতে হবে।<br>সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, বাকেরগঞ্জ উপজেলা শাখা জানান যে, দুধল ও দুর্গাপাশা নদীতে বিন্দি জাল পেতে ছোট মাছ নিধন করা হয়। এসব জেলেদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয় এবং নিষিদ্ধ জাল যাতে কেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। |
| ৫। প্রকৌশল বিভাগ | চেয়ারম্যান, দুর্গাপাশা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আলমগীর সিকদারের বাড়ী হতে ইউনুস খানের বাড়ী, জিরাইল দুর্গাপাশা সড়কের সলিং কাজের ২,০০,০০০/- টাকার ১ টি স্কীম এডিপি থেকে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিস্ট স্কীম টি ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি হতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত।<br>সভাপতি জানান যে,বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ভোগীর ক্ষেত্রে একই পরিবারের দুই জন ভাতা ভোগীর একজনে ভাতা পাইলেও অপরজনে ভাতা পায়না। এ ছাড়াও নগদ হিসাবের বেলায়ও ভাতা ভোগীরা প্রতারিত হচ্ছে বলে জানা যায়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের প্রতিটি মাসিক সভায় উপজেলা সমাজসেবা অফিসার-কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় এবং ভাতা ভোগীদের ভাতা প্রাপ্তিতে যে সমস্ত জটিলতা আছে সে গুলো নিরসনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, আগস্ট মাস শোকের মাস, কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন যাবত স্কুল বন্ধ থাকায় অনলাইনে নিয়মিত ক্লাস চলমান আছে। ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | এ বিষয়ে আলোচনান্তে সুষ্ঠু ও সুন্দরভাবে যাতে অনলাইনে ক্লাশের কার্যক্রম চলমান থাকে সে বিষয়ে সচেতন থাকার অনুরোধ জানান। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২১ সালের এস, এস,সি পরীক্ষা যারা দিবেন তাদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলছে। শহর ভিত্তিক অনলাইন কার্যক্রম অব্যহত আছে। ছাত্র-ছাত্রীদের সাথে নিয়মিত যোগাযোগ রাখার চেষ্টা করা হচ্ছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে করোনা কালীন সময় পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, লোন দেয়ার কার্যক্রম চলমান আছে। | এ বিষয় আলোচনান্তে লোন দেয়ার পরিপত্রের কপি সকল ইউপি চেয়ারম্যানদের সরবরাহ করার জন্য উপজেলা উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাকে চলমান আছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, গত বছরের টিউবয়েল এখনও বসানো হয়নি। কারণ করোনা কালিন সময়ে জানুয়ারিতে টেন্ডার হয়েছে তখন পাইপের দাম ছিল ২১ টাকা বর্তমানে পাইপের দাম ৩০ টাকা হওয়ায় ঠিকাদার কাজ করেননি। বর্তমানে ঠিকাদার কাজ শুরু করেছেন। অক্টোবরের মধ্যে কাজ সমাপ্ত করা হবে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার যাতে দ্রুত কাজ সম্পাদন করে সে বিষয়ে নিশ্চিত করণের জন্য সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য-কে অনুরোধ জানান। |
| বন বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অফিসের সামনে ঝড়ে ০২ টি মেহগনি গাছ পরে গেছে উহা অপসারণ করা প্রয়োজন। এ ছাড়াও উপজেলা পরিষদের মধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকের সামনে একটি চাম্বল গাছসহ আরো কয়েকটি ছোট বড় গাছ মরে গেছে। গাছগুলি ঝুকিপুর্ণ বিধায় অপসারণ করা প্রয়োজন। | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত গাছগুলি আপত:ত কর্তন পূর্বক নির্দিষ্ট স্থানে রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং গাছগুলোর মূল্য নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কবাই ইউনিয়নের জনৈক খবির উদ্দিন চৌধুরী পান্নাসহ ০৫ জনে বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার জে এল নং ১৪০ নং শিয়ালঘূণী মৌজার এস এ ৫৫১ নং খতিয়ানের ৩৬৫০ নং দাগের উপর দিয়ে বহমান চৌরাস্তায় ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধের সম্মুখ সারির বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ রাজ্জাক চৌধুরীর নামে চত্তর স্থাপন করার জন্য এক খানা আবেদন পাওয়া যায়। সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, বাকেরগঞ্জ উপজেলা শাখা জানা সরকারি নীতিমাল অনুযায়ী চত্তর নির্মাণ করার কোন বিধান নেই। | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ২৯ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯ নং স্মারকে মুক্তিযোদ্ধার নামে রাস্তা নাম করণের সুপারিশের সিদ্ধান্ত রয়েছে কিন্তু চত্তর স্থাপনের বিষয়ে কোন নির্দেশনা না থাকায় আবেদনটি নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ উপজেলাধীন পাদ্রীশিবপুর ইউনিয়নের পাদ্রীশিবপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা মরহুম মোঃ কাঞ্চন আলী মৃধার নামে "কানকী বাজার থেকে দূর্গাপুর(সুলিজ বাজার)" পর্যন্ত রাস্তার নামকরণ করার জন্য বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবদুর রহিম মৃধা অনুরোধ জানিয়েছেন। | ০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ২৯ অক্টোবর ২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯ নং স্মারকে আলোকে পাদ্রীশিবপুর ইউনিয়নের "কানকী বাজার থেকে দূর্গাপুর (সুলিজ বাজার)" পর্যন্ত রাস্তা বীর মুক্তিযোদ্ধা মরহুম কাঞ্চন আলী মৃধার নামে নামকরণের সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৩। উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির পাম্পটি দীর্ঘদিন যাবত অকেজো হয়ে পরায় অফিস এবং বাসা বাড়িতে দারুন পানির সংকট দেখা দিয়েছে। জরুরী ভিত্তিতে পানির পাম্পটি সংস্কার/ নতুন ক্রয় পুর্বক স্থাপন করার জন্য অনুরোধ জানান। | ০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু পাম্পটি বার বার মেরামত করা হলেও নস্ট হয়ে যাওয়ায় পুরাতনটি মেরামত না করিয়ে একটি নতুন পাম্প মেশিন ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্য ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মিটানোর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৪। উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, মাঝে মধ্যেই উপজেলা পরিষদে পানির সমস্যা দেখা দেওয়ায় জনপ্রতিনিধি, উর্ধ্বতন কর্মকর্তা আসলে পানি না থাকায় বিব্রতকর পরিস্থিতির সম্মুখিন হতে হয় এবং সেবগ্রহী সাধারণ জনগনসহ কর্মকর্তা কর্মচারীদের ভোগান্তির শিকার হতে হয়। পরিষদের সামনে যে টিউবয়েলটি আছে সেখান থেকে মটর দিয়ে একটি লাইন করার জন্য অনুরোধ জানানো হয়। | ০৪। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সামনে টিউবয়েলে চার ইঞ্চি ২০০ ফুট হাউজিং করে পানির সংযোগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্য ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মিটানোর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় আরো জানা যে, উপজেলা পরিষদ সভা কক্ষের এসি এবং মাইক নস্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার প্রয়োজন এবং সভা কক্ষের জন্য কিছু আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। | ০৫। এ বিষয়ে বিস্তারিত আরোচনান্তে উপজেলা পরিষদের সভাকক্ষের এসি, মাইক সংস্কার এর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং আলোচ্য ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল আয় ব্যয় সংক্রান্ত নীতিমালা অনুযায়ী ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকার মধ্যে আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৭০০ তারিখ ঃ ১৭ আগস্ট, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে,

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।

৭। উপজেলা.................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

৮। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

১৭-৮-২০২১

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।